



ম. ফজলুল হক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নতুন ব্যবস্থাপনা পরিচালক

বিশিষ্ট ব্যাংকার ম. ফজলুল হক ০১.০৬.২০০৮ তারিখ পদোন্নতি পেয়ে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করেছেন। ইতিপূর্বে তিনি বাংলাদেশ কৃষি ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক ছিলেন। তিনি ১৯৭৬ সালে বাংলাদেশ কৃষি ব্যাংকে ‘এ্যাসিষ্ট্যান্ট কন্ট্রোলার অব ফান্ড ম্যানেজমেন্ট’ হিসেবে তাঁর ব্যাংকিং কর্মজীবন শুরু করেন। বর্ণাঢ্য কর্মজীবনে তিনি রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদসহ উপমহাব্যবস্থাপক এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন ব্যাংকে বিভিন্ন দায়িত্বশীল পদসহ বরিশাল, কুমিল্লা ও ঢাকা বিভাগের মহাব্যবস্থাপকের দায়িত্ব পালন করেন। এছাড়াও দেড় বছর বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক-এর দায়িত্বে থাকাকালীন ব্যাংকের ভাবমূর্তি উন্নয়নকল্পে SMEসহ ৭/৮ ধরনের নতুন নতুন Credit & Deposit Product চালু করেন।

ম. ফজলুল হক ১৯৫২ সালের ১০ মার্চ সিরাজগঞ্জ সদর উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। শিক্ষাজীবনে মেধাবী ছাত্র ম. ফজলুল হক ১৯৭৪ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে প্রথম স্থান অধিকারসহ কৃতিত্বের সাথে এমএসসি-এএইচ ডিগ্রী লাভ করেন। তিনি দেশের বিভিন্ন প্রতিষ্ঠানসহ থাইল্যান্ড, ভারত, ইন্দোনেশিয়া ও তুরস্কের বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ব্যাংকিং বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ লাভ করেন। ব্যাংকিং কর্মজীবনে কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ তিনি বিভিন্ন পুরস্কারও লাভ করেন।